



চট্টগ্রামে কাভার্ডভ্যান-মাইক্রোবাস সংঘর্ষে নিহত ৪



সংগৃহীত ছবি

চট্টগ্রামের কর্ণফুলীতে সড়ক দুর্ঘটনায় চারজনের মৃত্যু হয়েছে। এ ঘটনায় আহত হয়েছেন অন্তত ১১ জন। আহতদের কয়েকজনের অবস্থা গুরুতর বলে জানা গেছে। শনিবার (১২ সেপ্টেম্বর) দিবাগত রাত দেড়টার দিকে চট্টগ্রাম-কক্সবাজার মহাসড়কের শিকলবাহা চৌমুহনী এলাকায় দুর্ঘটনাটি ঘটে। পুলিশ জানায়, আগ্রাবাদে একটি বিয়ের অনুষ্ঠান শেষে মাইক্রোবাসে করে কক্সবাজারের ঈদগাহে ফিরছিলেন যাত্রীরা। শিকলবাহা এলাকায় ইউটার্ন নেওয়ার সময় একটি কাভার্ডভ্যানের সঙ্গে মাইক্রোবাসটির সংঘর্ষ হয়। এতে ঘটনাস্থলেই দুজনের মৃত্যু হয়। আহতদের উদ্ধার করে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হলে সেখানে চিকিৎসাধীন অবস্থায় আরও দুজন মারা যান। দুর্ঘটনার পর কাভার্ডভ্যানটি জব্দ করেছে পুলিশ। তবে চালক ও তার সহকারী পালিয়ে গেছেন। তাদের গ্রেপ্তারে অভিযান চলছে বলে জানিয়েছে পুলিশ।

LENS ASIA